তারিখ 02 FEB 2016 ......
পৃষ্ঠা ... কলাম ... ......

দৈনিক জনকণ্ঠ

# ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে মার্কিন দূতাবাস প্রতিনিধি দলের সাক্ষাত

ঢাকার আমেরিকান দূতাবাসের আমেরিকান সেন্টারের চার সদস্যের এক প্রতিনিধি দল ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের সঙ্গে সোমবার তার দফতরে সৌজন্য সাক্ষাত করেন। এ্যান ব্যারোজ ম্যাককনেল পাবলিক অ্যাফেয়ার্স অফিসার ডিরেক্টর, দি আমেরিকান সেন্টার প্রতিনিধি দলের নেতৃত্ব দেন। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- জর্জ মেসথোস, কালচারাল এ্যাফেয়ার্স অফিসার শাহীন খান, ফুলব্রাইট প্রোগ্রামস এবং তাইসির চৌধুরী, এডুকেশন ইউএসএ এ্যাডভাইজার, দি আমেরিকান সেন্টার, ইউএসএ এ্যাম্বাসি, ঢাকা।

এ্যান ব্যারোজ ম্যাককনেল বলেন, উচ্চ শিক্ষার আন্তর্জাতিকীকরণের জন্য বাংলাদেশ এবং ইউএস-এর উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে আরও বেশি এ্যাকাডেমিক এবং রিসার্চ কোলাবরেশন বৃদ্ধি করা দরকার। - আইএসপিআর